

১৬২  
২২/০৩/২৪



জাতীয় বিশ্ববিদ্যালয়  
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর  
গাজীপুর

১৬২  
২২/০৩/২৪

স্মারক নং ০৫(৫৩৪) জাতীয় বিঃ/পরীঃ/ত্রিঃ পাস/২০২২/ ৫০২৪

তারিখঃ ১০/০৩/২০২৪

## ২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিশেষ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, ২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার অংশগ্রহণের জন্য ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ১ম ও ৩য় বর্ষে সকল বিষয়ে উত্তীর্ণ হয়েছে কিন্তু শুধুমাত্র ২য় বর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) হয়েছে তাদের বিশেষ বিবেচনায় নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ফরম পূরণের সুযোগ প্রদান করা হলো :

- ১। ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান করে শুধুমাত্র ২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় ফরম পূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না।
- ২। ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের কোন শিক্ষার্থী ফরম পূরণ করতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।

বিঃ দ্রঃ অনলাইনে ফরম পূরণ, শিক্ষার্থীদের ডাটা নিশ্চয়ন ও সোনালী সেবার মাধ্যমে টাকা জমা ইত্যাদি ফরম পূরণের যাবতীয় কার্যক্রম জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে প্রকাশিত স্মারক নং ০৫(৫৩৪) জাতীয় বিঃ/পরীঃ/ত্রিঃ পাস/২০২২ ৪৯৯৬, তারিখ : ২২/০২/২০২৪ বিজ্ঞপ্তির সকল শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

  
পরীক্ষা নিয়ন্ত্রক


জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪  
ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭  
e-mail : [controller@nu.ac.bd](mailto:controller@nu.ac.bd)

অধ্যক্ষের কার্যালয়  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখঃ ১১/০৩/২০২৪ খ্রি.

### বিজ্ঞপ্তি

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের যারা ১ম ও ৩য় বর্ষের সকল বিষয়ে উত্তীর্ণ হয়েছে কিন্তু ২য় বর্ষে এক বা একাধিক কোর্সে F গ্রেড পেয়েছে তারা বিশেষ বিবেচনায় ২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের সুযোগ পাবে। উল্লেখ্য যে, অত্রফিসের ২৮/০২/২০২৪ খ্রি. তারিখের এ সংক্রান্ত বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

  
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

#### বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৩। আহ্বায়ক, ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষা ২০২২ কমিটি, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৪। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৫। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
- ৬। সংরক্ষণ নথি।